

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩০৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০৬]

১৬। হজ্জ (جما بانك)

পরিচ্ছেদঃ ৫৭. পাথর নিক্ষেপের পূর্বে কুরবানী করা, কুরবানী ও পাথর নিক্ষেপের পূর্বে মাথা মুড়ানো এবং এসবের আগে ত্বওয়াফ করা জায়িয প্রসঙ্গ

باب مَنْ حَلَقَ قَبْلَ النَّحْرِ أَقْ نَحَرَ قَبْلَ الرَّمْي

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِك عَنِ ابْنِ شِهَاب، عَنْ عِيسَى بْنِ، طَلْحَةَ بْنِ عُبْدِ اللّهِ عَنْ عَبْدِ اللّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ، قَالَ وَقَفَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فِي حَجَّةِ الْوَدَاعِ بِمِنَّى لِلنَّاسِ يَسْأَلُونَهُ فَجَاءَ رَجُلُّ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَمْ أَشْعُرْ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ لَمْ أَشْعُرْ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَلَى فَعَلَقْتُ قَبْلَ أَنْ أَنْحَرَ. فَقَالَ " اذْبَحْ وَلاَ حَرَجَ " . ثُمَّ جَاءَهُ رَجُلُ آخَرُ فَقَالَ يَا رَسُولَ اللّهِ صلى لَمْ أَشْعُرْ فَنَحَرْتُ قَبْلَ أَنْ أَرْمِي فَقَالَ " ارْمِ وَلاَ حَرَجَ " . قَالَ فَمَا سُئِلَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم عَنْ شَيْءٍ قُدِّمَ وَلاَ أُخِرَ إِلاَّ قَالَ " افْعَلْ وَلاَ حَرَجَ " .

বাংলা

৩০৪৭-(৩২৭/১৩০৬) ইয়াহ্ইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আবদুল্লাহ ইবনু আমর ইবনু আস (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বিদায় হাজ্জকালে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের সঙ্গে মিনায় অবস্থান করলেন- যাতে তারা প্রয়োজনীয় বিষয় তার কাছ থেকে জেনে নিতে পারে। এ সময় এক ব্যক্তি এসে বলল, হে আল্লাহর রসূল! না জানার কারণে আমি কুরবানী করার পূর্বে মাথা কামিয়ে ফেলেছি। তিনি বললেনঃ কোন দোষ নেই, তুমি কুরবানী কর। অতঃপর এক ব্যক্তি তার নিকট উপস্থিত হলে বলল, হে আল্লাহর রসূল! আমি জানতাম না, ফলে পাথর নিক্ষেপের পূর্বে কুরবানী করে নিয়েছি। তিনি বললেন, অসুবিধা নেই, তুমি পাথর নিক্ষেপ কর।

রাবী বলেন, অজ্ঞতাবশতঃ কাজ আগে অথবা পরে করা সম্পর্কে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জিজ্ঞেস করা হলেই তিনি বলেন, তুমি এখন করে নাও, তাতে কোন দোষ নেই। (ইসলামিক ফাউন্ডেশন ৩০২২. ইসলামীক সেন্টার ৩০১৯)

English



Abdullah b. 'Amr b. al-'As said that Allah's Messenger (ﷺ) stopped during the Farewell Pilgrimage at Mina for people who had something to ask. A man came and said:

Messenger of Allah, being ignorant. I shaved before sacrificing, whereupon he (the Holy Prophet) said: Now sacrifice (the animal) and there is no harm (for you). Then another man came and he said: Messenger of Allah, being ignorant, I sacrificed before throwing the pebbles, whereupon he (the Holy Prophet) said: (Now) throw the pebbles, and there is no harm (for you).

Allah's Messenger () was not asked about anything which had been done before or after (its proper time) but he said: Do it, and no harm is there (for you).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন